

সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারদের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী:

সভাপতি	জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি বিভাগীয় কমিশনার
সভার তারিখ	১৮/১২/২০২২ খ্রি.
সভার সময়	দুপুর ১২.২০টা
স্থান	বিভাগীয় কমিশনার, রাজশাহী'র সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংযোজনী-০৭ এ সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২৩ বাস্তবায়নের লক্ষ্যে সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা ষান্মাসিক ভিত্তিতে আয়োজনের বিষয় অন্তর্ভুক্ত রয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি সরকারি সেবা প্রদানের জন্য জনগণের সাথে সরকারের এক ধরনের চুক্তি বা ঘোষণা বা অঙ্গীকার। প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে এ কার্যালয়ের নাগরিক, দাপ্তরিক ও অভ্যন্তরীণ সেবাসমূহকে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত ৮ কলামের ছকে হালনাগাদ করে এ কার্যালয়ের ওয়েবপোর্টালের নির্দিষ্ট সেবাবক্সে আপলোড করা হয়। সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charters) অনুযায়ী এ দপ্তর থেকে সকলে সেবা পাচ্ছে কিনা এবং প্রদত্ত সেবার মানোন্নয়নের বিষয়ে সকলের সুচিন্তিত মতামত তুলে ধরার অনুরোধ করেন।

০২। জেলা প্রশাসক, রাজশাহী'র প্রতিনিধি বলেন যে, সরকারি দপ্তরসমূহের কাজের মান ও গতি আগের তুলনায় বেড়েছে। মানুষকে সেবা প্রাপ্তির জন্য এখন অপেক্ষা করতে হয় না। নির্ধারিত সময়ে সরকার নির্ধারিত খরচে নির্বিঘ্নে সেবা প্রদান নিশ্চিত করাই সেবা প্রদান প্রতিশ্রুতির মূল উদ্দেশ্য। জেলার Citizen Charters ওয়েবসাইটে হালনাগাদ করা হচ্ছে এবং আওতাধীন অফিসের সিটিজেন চার্টার হালনাগাদ করে দৃশ্যমান স্থানে প্রদর্শনের নির্দেশনা প্রদান করা হয়েছে।

৩। জনাব মো: আয়নাল হক, সিনিয়র রিপোর্টার, বাংলাদেশ সংবাদ সংস্থা বলেন যে, সুশাসন প্রতিষ্ঠায় সরকারের ৫টি টুলস রয়েছে। তার মধ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি একটি। কিন্তু এই সেবা প্রদান প্রতিশ্রুতির বিষয়ে সেবা প্রত্যাশীগণ যথেষ্ট ওয়াকিবহাল নন। বিভিন্ন সরকারি দপ্তরের ওয়েবসাইটে ও অফিসের দৃশ্যমান স্থানে সেবা প্রদান প্রতিশ্রুতি থাকলেও সাধারণ জনগণ সচেতন না হওয়ায় সরকারি অফিসগুলোতে দালাল চক্রের দৌরাত্ম্য রয়েছে। এজন্য তিনি সেবা প্রদান প্রতিশ্রুতি ও সরকারি সেবাসমূহ জনগণের মাঝে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করেন। এ বিষয়ে অতিরিক্ত বিভাগীয় কমিশনার(সার্বিক) বলেন যে, সরকারি দপ্তর সেবা প্রদান প্রতিশ্রুতির বিষয়ে জনগণকে আরও সচেতন করতে সুশীল সমাজের প্রতিনিধি ও জনপ্রতিনিধিবৃন্দ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন।

৪। উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর, রাজশাহী বলেন যে, উপজেলা নিবাহী অফিসারের কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি দৃশ্যমান স্থানে প্রদর্শিত হলেও উপজেলা পর্যায়ের অন্যান্য অফিসগুলোর সেবা প্রদান প্রতিশ্রুতি দৃশ্যমান স্থানে প্রদর্শিত হচ্ছে না। তাই জনগণ ভোগান্তির শিকার হচ্ছেন। এ বিষয়ে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), রাজশাহী বিভাগ বলেন যে, প্রতিটি সরকারি অফিসে সিটিজেন চার্টার থাকা বাধ্যতামূলক এবং উপজেলা পর্যায়ে উপজেলা পরিষদ তা নিশ্চিত করবে।

০৫। সভাপতি বলেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা প্রদান পদ্ধতিতে সচ্ছতা আনয়ন, সেবা প্রাপ্তি সুলভ ও সহজ করা এবং সেবা প্রদানকারী দপ্তরের দক্ষতা ও জবাবদিহিতা বৃদ্ধির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। জনগণের সেবা প্রদান করাই

সরকারি দপ্তরসমূহের মূল দায়িত্ব। সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সেবা প্রদানের ক্ষেত্রে আরও আন্তরিক ও দায়িত্বশীল হতে হবে। সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান নিশ্চিত করার জন্য নিয়মিত মনিটরিং করতে হবে। সর্বোপরি সরকার নির্ধারিত সময়ে, সুলভ ও সহজ পদ্ধতিতে নির্ধারিত খরচে ভোগান্তিবিহীন সরকারি সকল সেবা প্রদানের জন্য সকলকে আরও আন্তরিক হওয়ার অনুরোধ করেন।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্রং নং	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১.	সেবা প্রাপ্তি সহজিকরণ, স্বচ্ছ এবং জবাবদিহিতামূলক করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ
০২.	এ অর্থ বছরে সেবা প্রদান বিষয়ে অংশীজনের সমন্বয়ে ২টি অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাধারণ শাখা এ কার্যালয়
০৩.	সিটিজেন চার্টারে উল্লিখিত সময় ও খরচের মধ্যে সেবা প্রদান নিশ্চিত করতে হবে।	জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ
০৪.	প্রতিটি দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charters) হালনাগাদ করে স্ব-স্ব ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাধারণ শাখা এ কার্যালয়
০৫.	ওয়েবসাইটের নির্দিষ্ট সেবাবক্সে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্মকর্তার তথ্য নিয়মিত হালনাগাদ করতে হবে।।	১। জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাধারণ শাখা এ কার্যালয়

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



জি এস এম জাফরউল্লাহ এনডিসি  
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০১২.২৫.০০৭.২২.১৪২৬


তারিখ: ৯ পৌষ ১৪২৯

২৪ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৩) উপমহা পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
- ৪) পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী
- ৫) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/রাজস্ব/উন্নয়ন ও আইসিটি), রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৬) পরিচালক, স্বাস্থ্য, রাজশাহী বিভাগ
- ৭) পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

- ৮) জেলা প্রশাসক, রাজশাহী/নাটোর/নওগাঁ/টাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
- ৯) প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ
- ১০) সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন
- ১১) নির্বাহী প্রকৌশলী, বিএমডিএ, রাজশাহী
- ১২) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী
- ১৩) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী
- ১৪) পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী
- ১৫) উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ১৬) উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ১৭) উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর, রাজশাহী
- ১৮) উপজেলা পরিষদ চেয়ারম্যান, চারঘাট, রাজশাহী
- ১৯) মেয়র, শিবগঞ্জ পৌরসভা, রাজশাহী
- ২০) আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী
- ২১) জনাব মো: মনিরুল হক, এরিয়া কো-অর্ডিনেটর, সি ই ও, টিআইবি রাজশাহী
- ২২) বীর মুক্তিযোদ্ধা জনাব শাহাদুল হক মাস্টার, রাজশাহী
- ২৩) বীর মুক্তিযোদ্ধা জনাব আওরোজ্জবেব, কাজীহাটা, রাজশাহী
- ২৪) সভাপতি, রাজশাহী প্রেস ক্লাব
- ২৫) সম্পাদক, দৈনিক সোনার দেশ
- ২৬) সভাপতি, নাসিব, রাজশাহী
- ২৭) সভাপতি, জাতীয় আদিবাসী পরিষদ, রাজশাহী
- ২৮) জনাব মো: আইনাল হক, সিনিয়র রিপোর্টার, বাংলাদেশ সংবাদ সংস্থা
- ২৯) জনাব মো: আব্দুল হাকিম, সহকারী প্রশাসনিক কর্মকর্তা (পিআরএল ভোগরত), এ কার্যালয়, রাজশাহী
- ৩০) ডিস্ট্রিক ম্যানেজার, আশা, ১৪৮/৩, উপশহর, রাজশাহী
- ৩১) সভাপতি, ওয়েব, রাজশাহী
- ৩২) ম্যানেজার, ইউসেপ, রাজশাহী
- ৩৩) জেলা সমন্বয়ক, ব্র্যাক, রাজশাহী



মোঃ মহিদুল হক  
সিনিয়র সহকারী কমিশনার